# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৭৯২

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ২. প্রথম অনুচ্ছেদ - ক্রয়-বিক্রয় ও লেনদেনে সহনশীলতা

بَابُ الْمُسَاهَلَةِ فِى الْمُعَامَلَةِ

আরবী

وَفِي رِوَايَةٍ لِمُسْلِمٍ نَحْوَهُ عَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ وَأَبِي مَسْعُودٍ الْأَنْصَارِيِّ «فَقَالَ اللَّهُ أَنَا أَحَق بذا مِنْك تجاوزوا عَن عَبدِي»

বাংলা

২৭৯২-[৩] আর মুসলিম-এর এক বর্ণনায় ’উকবা ইবনু ’আমির ও আবূ মাস্’ঊদ (রাঃ) হতে এ ঘটনাটি বর্ণিত হয়েছে। এতে উল্লেখ হয়েছে, ওই লোকটির কথার পর আল্লাহ তা’আলা বললেন, নিশ্চয় সহানুভূতি প্রদর্শনে আমি তোমার অপেক্ষা অধিক অগ্রসর। [এ কথা বলে আল্লাহ মালায়িকাহ্-কে (ফেরেশতাগণকে) আদেশ করলেন] আমার এ বান্দার প্রতি তোমরা ক্ষমা ও সহানুভূতি প্রকাশ করো।[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ১৫৬০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (أَنَا أَحَقُّ بِذَا مِنْكَ) ‘‘এ ব্যাপারে আমি তোমার চাইতে অধিক হকদার’’ অর্থাৎ ক্ষমা করতে আমি তোমার চাইতে অধিক সক্ষম, কেননা আমি সকল কিছুর উপর ক্ষমতাবান।

(تَجَاوَزُوْا عَنْ عَبْدِىْ) ‘‘তোমরা আমার বান্দাকে ছাড় দাও’’ অর্থাৎ দুনিয়াতে যেহেতু আমার এ বান্দা দরিদ্রদের প্রতি সহানুভূতিশীল। সে তাদের প্রতি দয়া করেছে, তাদের ছাড় দিয়েছে, তাই তোমরাও আমার এ বান্দাকে ছাড় দাও, কেননা ছাড় দেয়ার ক্ষেত্রে আমি তার চাইতে অধিক সক্ষম। আর ছাড় দেয়াটা আমার গুণ। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68119

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন